

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।  
ওয়েব সাইট: www.techedu.gov.bd  
ই-মেইল: techedu09@gmail.com

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.১৩.০১০.১৭-২৯৩

তারিখঃ-১১/০৬/২০১৮খ্রিঃ।

বিষয়: শ্রমসাধ্য কাজের সম্মানী ভাতা প্রদান সংক্রান্ত।


সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪১.১৮.০৬৩.১৭-৫৮৬; তারিখ-০৫/০৬/২০১৮খ্রিঃ।

নির্দেশিত হয়ে উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে সংযুক্তিতে কর্মরত ১৬ (ষোল) জন কর্মচারী শ্রমসাধ্য কাজের জন্য সম্মানী ভাতা প্রাপ্তির জন্য আবেদন করেছেন। অর্থ বিভাগের গত ২৮/৩/২০১৮ তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩২.০১৭.১৩-৭৭ সংখ্যক পরিপত্রের খ) অনুচ্ছেদে মন্ত্রণালয়/বিভাগের অধিন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর-এর কর্মচারীগণকেও কঠোর শ্রমসাধ্য বা কৃতিত্বপূর্ণ কাজের জন্য সম্মানী প্রদানের সুযোগ রয়েছে।

এমতাবস্থায় এ বিভাগে সংযুক্তিতে কর্মরত ১৬ (ষোল) জন কর্মচারী শ্রমসাধ্য কাজের জন্য সম্মানী ভাতা প্রাপ্তির বিষয়ে অর্থ বিভাগের গত ২৮/৩/২০১৮ তারিখের ০৭.০০.০০০০.১৭২.৩২.০১৭.১৩-৭৭ সংখ্যক পরিপত্রের খ) অনুচ্ছেদে বর্ণিত শর্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানিয়েছেন।

সে প্রেক্ষিতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে সংযুক্তিতে কর্মরত কর্মচারীগণের আবেদন মোতাবেক শ্রমসাধ্য কাজের সম্মানী ভাতা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

সংযুক্ত: আবেদনসমূহ।

  
(মোহাম্মদ আবদুল মতিন হাওলাদার)  
সহকারী পরিচালক-৩  
ফোন-০২-৮১৮১২২৫

- প্রাপক: ১। অধ্যক্ষ, ঢাকা/ঢাকা মহিলা/মমমনসিংহ/কুমিল্লা/টাঙ্গাইল/নরসিংদী/বাংলাদেশ-সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট এবং গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।  
২। অধ্যক্ষ, যশোর/নারায়নগঞ্জ/মানিকগঞ্জ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ।  
৩। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১। সিনিয়র সহকারী সচিব, শাখা-১ (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। (পত্রটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হল)  
৩। নথিকপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
প্রবিধি-২ অধিশাখা  
[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)

নং-০৭.০০.০০০০.১৭২.৩২.০১৭.১৩-৭৭

তারিখঃ ১৪ চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ  
২৮ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয়ঃ মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর-এর কর্মচারীদের অনুকূলে আকস্মিক, কঠোর শ্রমসাধ্য বা কৃতিত্বপূর্ণ কাজের জন্য সম্মানী মঞ্জুরি।

মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর-এ কর্মরত কর্মচারীগণকে রুটিন কাজের বাইরে আকস্মিক, কঠোর শ্রমসাধ্য বা কৃতিত্বপূর্ণ বিশেষ ধরনের কাজের জন্য FR-46(b) এবং BSR Part-1এর ৬ নং অধ্যায়ে উল্লিখিত বিধান অনুসরণপূর্বক নিম্নবর্ণিত শর্তে নির্দিষ্ট পরিমাণ অর্থ সম্মানী হিসেবে প্রদান করা যাবে:

- ক) মন্ত্রণালয়/বিভাগে কর্মরত উপসচিব (৫ম গ্রেড) পর্যায়ের কর্মচারীর অনধিক ৩০%, সহকারী সচিব (৯ম গ্রেড)/সিনিয়র সহকারী সচিব (৬ষ্ঠ গ্রেড) পর্যায়ের কর্মচারীর মধ্যে উভয়ক্ষেত্রে অনধিক ৩০%, ১০ম গ্রেড থেকে ১৬তম গ্রেডে কর্মরত কর্মচারীর অনধিক ৩৫% এবং ১৭তম গ্রেড থেকে ২০তম গ্রেডের কর্মচারীর অনধিক ৪০% কর্মচারীকে সম্মানী প্রদানের জন্য নির্বাচন করা যাবে;
- খ) মন্ত্রণালয়/বিভাগ এর অধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর-এর ক্রমিক 'ক'-এ উল্লিখিত পর্যায়ের কর্মচারীগণকেও অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত আদেশ অনুসরণপূর্বক সম্মানী প্রদান করা যাবে;
- গ) সম্মানী প্রদানের জন্য জারীকৃত অফিস আদেশে আকস্মিক, কঠোর শ্রমসাধ্য বা কৃতিত্বপূর্ণ সুনির্দিষ্ট কোন কাজের জন্য সম্মানী প্রদান করা হচ্ছে তা উল্লেখ করতে হবে;
- ঘ) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর-এর রুটিন কাজের জন্য এ সম্মানী প্রদান করা যাবে না;
- ঙ) অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ কর্তৃক জারীকৃত আর্থিক ক্ষমতা অর্পণ সংক্রান্ত ১৬/০৮/২০১৫ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫-৩৫১(১) নং স্মারক-এর নির্দেশনা অনুযায়ী বাজেটে অর্থ সংকুলান সাপেক্ষে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সচিব একজন কর্মচারীকে বছরে একবার সর্বোচ্চ ১০,০০০/- টাকা পর্যন্ত সম্মানী প্রদান করতে পারবে;
- চ) কোন কর্মচারীকে ১০,০০০/- টাকার অধিক বা একই অর্থবছরে একবারের অধিক (যেকোন অঙ্গ) সম্মানী প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগের সম্মতি/অনুমোদন গ্রহণ করতে হবে।

২। জারির তারিখ থেকে এ পরিপত্রটি কার্যকর হবে এবং অর্থ বিভাগ কর্তৃক ২৯/০৮/২০০৭ খ্রিঃ তারিখের অম/অবি/প্রবিধি-৩/সম্মানী-০১/২০০৭/১৪১ নং স্মারকে জারীকৃত এ সম্পর্কিত নীতিমালাটি এতদ্বারা রহিত (Repeal) করা হলো।

  
(মোঃ গোলাম মেসুদুল হক)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫১৪৪৮৭

অপর পৃষ্ঠা দৃষ্টব্য